



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, কুমিল্লা

২৮ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ১২ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.০০০.০০০.৯৯.০৪৫৮.২৫.২৪

বিষয়: মাসিক গ্যাস বিল ও দাপ্তরিক চিঠিপত্র বিতরণের জন্য কোটেশন আহবান।

মহোদয়,

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর রাজস্ব শাখা, ব্রাহ্মণবাড়িয়া এলাকার মিটারভিত্তিক গ্রাহকদের মাসিক গ্যাস বিল ও দাপ্তরিক চিঠিপত্র বিলির জন্য নিম্নোক্ত শর্তানুযায়ী সীলমোহরকৃত কোটেশন আহবান করা যাচ্ছে। এলাকা ভিত্তিক গ্যাসবিল ও দাপ্তরিক চিঠিপত্রের সংখ্যা ও বিলের মাস নিম্নরূপঃ

ক্রমিক নং	এলাকার নাম	গ্যাস বিল ও দাপ্তরিক চিঠির সংখ্যা (মাসিক)	জুলাই-২৫ হতে জুন-২৬ পর্যন্ত মোট ১২ মাস
০১	ব্রাহ্মণবাড়িয়া সদর	৩৪২ টি	
০২	সরাইল	২২ টি	
০৩	আশুগঞ্জ	১১৭ টি	
	মোট	৪৮১ টি	

শর্তাবলীঃ


- ০১। কোটেশন আগামী ১৭/০৮/২০২৫ তারিখের মধ্যে অত্র কোম্পানীর উপ-ব্যবস্থাপক (রাজস্ব), রাজস্ব শাখা, ব্রাহ্মণবাড়িয়া বরাবর দাখিল করতে হবে।
- ০২। কোটেশন দাখিলের শেষ তারিখ কোন সরকারী ছুটি অথবা অনিবার্য কারণবশত যেকোন কারণে দরপত্র পৌঁছানো সম্ভব না হলে পরবর্তী প্রথম কার্য দিবসে উল্লেখিত স্থানে পৌঁছাতে হবে।
- ০৩। আপনাদের লেটার হেড প্যাডে কোটেশন দাখিল করতে হবে। কোটেশনের উদ্বৃত্ত দর টাইপ, কালি বা প্রিন্টের মাধ্যমে পরিষ্কার ও স্পষ্টভাবে অংকে ও কথায় লিখতে হবে। উদ্বৃত্ত দর দশমিকের পর ০২ (দুই) ঘর পর্যন্ত গ্রহণযোগ্য। কোটেশনে কোন অতিলিখন/মোছন/ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য নয়।
- ০৪। যদি একক দর ও মোট দরের হিসাবে কোন ভুল পাওয়া যায় তবে একক দরকে ভিত্তি করে মোট দর নির্ধারণ করা হবে। কথায় ও অংকে কোন গড়মিল পাওয়া গেলে কথায় লিখিত দরকে প্রাধান্য দেয়া হবে।
- ০৫। কোটেশনে উদ্বৃত্ত দর, কোটেশন খোলার দিন হতে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের জন্য বলবত থাকতে হবে।
- ০৬। কোটেশনে উদ্বৃত্ত দর অবশ্যই সকল প্রকার ট্যাক্স/ভ্যাট ও লাভসহ হবে।
- ০৭। বাস্তব অবস্থার প্রেক্ষিতে গ্যাস বিল ও চিঠিপত্রের সংখ্যা কম/বেশী হতে পারে।
- ০৮। কোন শর্তযুক্ত কোটেশন গ্রহণযোগ্য নয়।
- ০৯। প্রতিমাসের ০১ (এক) হতে ১০ (দশ) তারিখের মধ্যে ইস্যুকৃত সকল মাসিক গ্যাস বিল ও চিঠিপত্র বিজিডিসিএল এর রাজস্ব শাখা, ব্রাহ্মণবাড়িয়া হতে সংগ্রহ করে যুক্তিসংগত সময়ের মধ্যে (অবশ্যই বিল পরিশোধের নির্ধারিত তারিখের যুক্তিসংগত সময়ের পূর্বে) অবশ্যই তা সংশ্লিষ্ট গ্রাহকদের নিকট বিলি নিশ্চিত করতে হবে এবং বিলির স্বপক্ষে (গ্রাহক বা গ্রাহক প্রতিনিধির স্বাক্ষরসহ) অত্র কার্যালয়ে দাখিল করতে হবে। তবে দাপ্তরিক প্রয়োজনে কোন চিঠি প্রদান করা হলে তা মাসের যেকোন সময়ে সংগ্রহ করে (যুক্তিসংগত সময়ের মধ্যে) অবশ্যই তা প্রাপকের ঠিকানায় বিলি নিশ্চিত করতে হবে।
- ১০। কোটেশনের সকল পৃষ্ঠা ও সিডিউলে স্বাক্ষর ও সীলমোহর থাকতে হবে।
- ১১। কার্যাদেশ লাভকারী প্রতিষ্ঠান যদি কোন দায়িত্বে অবহেলা বা ইচ্ছাকৃতভাবে কোন গ্যাসবিল ও চিঠিপত্র বিতরণ না করেন তবে ঐ বা ঐ সকল গ্যাস বিল ও চিঠিপত্র বিতরণের বিল পরিশোধ করা হবে না এবং কার্যসম্পাদন জামানত আংশিক বা সম্পূর্ণ বাজেয়াপ্ত করা হবে।
- ১২। কার্যাদেশ লাভকারী প্রতিষ্ঠানের যে সকল কর্মচারী বা প্রতিনিধি অফিস হতে গ্যাসবিল ও চিঠিপত্র বিতরণের জন্য নিয়ে যাবেন তাদের সত্যায়িত ছবিসহ নামের তালিকা সংশ্লিষ্ট অফিসে জমা প্রদান করতে হবে।
- ১৩। কার্যসম্পাদন জামানত হিসেবে কার্যাদেশ মূল্যের ৫% হারে নিরাপত্তা জামানত জমা রাখতে হবে। সন্তোষজনক কার্য সমাপ্তির পর কার্যাদেশ মেয়াদ শেষে আবেদনক্রমে কার্যসম্পাদন জামানত ফেরত প্রদান করা হবে।
- ১৪। বাস্তব গণনার ভিত্তিতে আলোচ্য গ্যাস বিল ও দাপ্তরিক চিঠিপত্রের সংখ্যা কম/বেশী হতে পারে এবং পরিশোধযোগ্য বিলের পরিমাণ এবং গ্যাসবিল ও দাপ্তরিক চিঠিপত্রের সংখ্যা বাস্তব গণনার ভিত্তিতে হিসাব করা হবে। তবে কোন অবস্থায় উহা কার্যাদেশ মূল্যের বেশি হবে না।
- ১৫। গ্যাস বিল ও দাপ্তরিক চিঠিপত্র নির্ধারিত তারিখের মধ্যে সঠিকভাবে বিলি সম্পন্ন করার পর নিয়ম অনুযায়ী যাবতীয় ভ্যাট/ট্যাক্স কর্তনপূর্বক চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ১৬। কোটেশন দাতাকে আইন অনুযায়ী চুক্তি সম্পাদনযোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান হতে হবে এবং কোটেশনের সাথে হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন এবং ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র ও বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে আর্থিক সঞ্চলতার স্বপক্ষে সনদপত্রের কপি দাখিল করতে হবে। অনায়ায় কোটেশন অগ্রহণযোগ্য বিবেচনা করা হবে।

১৭। কোটেশন দাতা কর্তৃক কোটেশনের উদ্ভূত দর চুক্তি/কার্যাদেশ সম্পাদনকারী সময়ে অপরিবর্তিত থাকবে।

১৮। কোটেশন দাতাকে পিপিআর-২০০৮ এর ধারা-৬৪ এবং পিপিআর-২০০৮ এর ধারা ১২৭ সম্পর্কে অবহিত হয়ে কোটেশন দাখিল করতে হবে।

১৯। কোন কারন দর্শনো ব্যতীত বিজিডিসিএল কর্তৃক যে কোন কোটেশন বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

ধন্যবাদান্তে,




১২-০৮-২০২৫

শ্যামল কুমার দত্ত

উপ-মহাব্যবস্থাপক

কুরিয়ার সার্ভিস সেবায় নিয়োজিত সকল প্রতিষ্ঠান

।



১২-০৮-২০২৫

গোলাম মুক্তাদির

উপ-ব্যবস্থাপক